দেশের মানুষকে অভুক্ত রেখে সরকার উৎসব করছে: সিলেটে মির্জা ফখরুল

চেম্বার ডেস্ক:: দেশের মানুষ যখন ভয়াবহ বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে হাহাকার করছে, সরকার তখন উৎসবে মেতেছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

তিনি বলেন, সিলেটের ৩০ লাখ বানভাসি মানুষের জন্য মাত্র ৬০ লাখ টাকা সরকার বরাদ্দ দিয়েছে। দেশের মানুষকে অভুক্ত রেখেই সরকার পদ্মা সেতু নিয়ে উৎসব করছে।

আজ বৃহস্পতিবার (২৩ জুন) দুপুরে সিলেটের জৈন্তাপুর উপজেলার দরবস্ত ইউনিয়নের খাজার মোকাম উচ্চবিদ্যালয় প্রাঙ্গণে বন্যার্ত মানুষের মধ্যে ত্রাণ বিতরণ শেষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন বিএনপি মহাসচিব।

মির্জা ফখরুল আরও বলেন, পদ্মা সেতুর জন্য গান-বাজনা হবে। কিন্তু জনগণ না খেয়ে আছে, মারা যাচ্ছে সেদিকে তাদের খেয়াল নেই। কারণ, জনগণকে তারা তোয়াক্কা করে না।

সরকার বন্যাকবলিত মানুষের পাশে দাঁড়াতে ব্যর্থ হয়েছে মন্তব্য করে মির্জা ফখরুল বলেন, ‘লাখ লাখ মানুষ ত্রাণের জন্য হাহাকার করলেও প্রধানমন্ত্রী গুটিকয়েক মানুষকে ত্রাণ দিয়ে দায়িত্ব শেষ করেছেন। অথচ ২০০৪ সালের বন্যায় খালেদা জিয়া মানুষের দ্বারে দ্বারে ত্রাণ পৌঁছে দিয়েছেন। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনা হেলিকপ্টারে করে ঘুরে গেছেন বন্যাকবলিত এলাকা।’

আওয়ামী লীগ দুর্নীতির জন্য বড় বড় প্রজেক্ট করে লুটেপুটে খাওয়ার জন্য। কিন্তু জনগণের জন্য প্রজেক্ট করে না বলেও মন্তব্য করেন বিএনপি মহাসচিব।

তিনি বলেন, শিয়ালের কাছে যেমন মুরগি দেওয়া যায় না, তেমনি শেখ হাসিনার হাতে নির্বাচনের দায়িত্ব দেওয়া যায় না। তাই তত্ত্বাবধায়ক সরকারের অধীন ছাড়া বিএনপি কোনো নির্বাচনে অংশ নেবে না। এ সময় জনগণের ভোটের অধিকার ফেরাতে এই সরকারকে রুখে দিতে আন্দোলনের

প্রস্তুতি নেওয়ার জন্য নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান মির্জা ফখরুল।

সিলেট জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এমরান আহমদ চৌধুরীর সঞ্চালনায় খাদ্যসামগ্রী বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু।